



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ  
১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।



মুজিব বর্ষের অঙ্গীকার  
নদী রাখবো পরিষ্কার।

**নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৫/২০২০**


নথি নং-১৮.৭০৭.০২৭.০০.০০.০৭২.২০১৮/ ১৮-৮৮

তারিখ-০৯/১২/২০২০ইং।

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ) এর নিম্নবর্ণিত ০৭(সাত) ক্যাটাগরির ৭৮টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	বয়স সীমা	শূন্য পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
০১।	নিম্নমান সহকারী/ মুদ্রাক্ষরিক	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০৪	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান।	
০২।	ট্রেসার	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত টাকা ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০১	উচ্চ মাধ্যমিক পরীক্ষায় দ্বিতীয় বিভাগে পাসসহ হাতের লেখা সুন্দর হতে হবে।	
০৩।	গ্রীজার	জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ১৭তম গ্রেডভুক্ত টাকা ৯,০০০-২১,৮০০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০১	এস,এস,সি অথবা সমমানের যোগ্যতাসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা।	
০৪।	অফিস সহায়ক	জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ২০তম গ্রেডভুক্ত ৮,২৫০-২০,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	৪৮	৮ম শ্রেণী পাস।	
০৫।	ভান্ডারী	জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ১৯তম গ্রেডভুক্ত টাকা ৮,৫০০-২০,৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০৩	৮ম শ্রেণী পাসসহ খাদ্য পাক করার জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।	
০৬।	টার্মিনাল গার্ড/ নিরাপত্তা প্রহরী	জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ২০তম গ্রেডভুক্ত ৮,২৫০-২০,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	০৫	৮ম শ্রেণী পাস।	
০৭।	ঝাড়ুদার/পরিচ্ছন্ন কর্মী	জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ২০তম গ্রেডভুক্ত ৮,২৫০-২০,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর	১৬	৮ম শ্রেণী পাস।	

- ০২। ১০/১২/২০২০ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে।
- ০৩। আগ্রহী প্রার্থীদেরকে ৩১/১২/২০২০ তারিখ পর্যন্ত শুধুমাত্র [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে।
- ০৪। আবেদন করার সময় ফরম পূরণের নিয়ম ও অন্যান্য শর্তাবলী [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘণ্টার মধ্যে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ ২১৫/- (দুইশত পনেরো) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে, অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- ০৫। আবেদনকারীগণকে নিজ নিজ Applied ID ব্যবহার করে [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে।
- ০৬। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের সময় প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।
- ০৭। চাকুরীরত প্রার্থীগণ-কে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রয়োজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে চাকুরীরত প্রতিষ্ঠানের নিকট থেকে অব্যাহতি পত্র দাখিল করতে হবে।
- ০৮। বিআইডব্লিউটিএ'তে দৈনিক ভিত্তিতে কর্মরত রীট পিটিশন নং-৭৭৩৯/২০১৮ এর মামলার বাদী ৭৮ জন প্রার্থীর বয়স শিথিলযোগ্য এবং বিভাগীয় প্রার্থীদের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ০৯। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২(বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়স ৩০(ত্রিশ) বৎসর।
- ১০। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
- ১১। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১২। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।
- ১৩। প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

  
(এস এম শাহিদ রেজা)  
যুগ্ম-পরিচালক(সংস্থাপন)  
বিআইডব্লিউটিএ, ঢাকা।